58

দৈনিক জনকণ্ঠ

তারিখ 21 NOV 1996
পৃষ্ঠা 2 কলাম 4

# আট শ' বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সরকারী সুবিধা পাবে

জনকণ্ঠ রিপোর্ট

বেসরকারী শিক্ষা ব্যবস্থাকে গতিশীল করার লক্ষ্যে সরকার নতুন করে প্রায় আট শ' বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারী সুযোগ-সুবিধা দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের মোট বেতন ভাতার শতকরা ৮০ ভাগ সরকার প্রদান করবে। খবর শিক্ষা মন্ত্রণালয় সূত্রের।

জানা যায়, বেসরকারী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মহাবিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষকদের দাবির প্রেক্ষিতে সরকার বিগত ৭ সেপ্টেম্বরের মধ্যে মোট বেতন-ভাতার শতকরা ৮০ ভাগ প্রদানের সিদ্ধান্ত ঘোষণার অঙ্গীকার করেছিল, এর আগে শিক্ষা মন্ত্রণালয় এ সুযোগ পেতে আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কাছ থেকে আবেদন আহ্বান করে। সূত্র জানায়, যথাযথভাবে প্রায় সাড়ে তিন হাজার আবেদন জমা পড়ে। নিয়মের বাইরেও প্রায় তিন শ' আবেদন পড়ে।

সূত্র জানায়, এসব আবেদন পরীক্ষা-নিরীক্ষা করে প্রায় আট শ' শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারী সুযোগ-সুবিধা প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়।